গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

স্মারক নম্বর ৫২.০১.০০০০.১০৪.১১.০০৪.২৫.৯২০

তারিখ: ২৭ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
১২ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো'র রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহের বিপরীতে সরাসরি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে Online-এ নির্ধারিত ফর্মে (http://bbs.teletalk.com.bd ওয়েবসাইটে) নিম্নলিখিত শর্তে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। Online ব্যতীত অন্য কোনো মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্র. নং. | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | সিনিয়র নক্সাবিদ<br>গ্রেড-১২ (টাঃ ১১৩০০-২৭৩০০/-) | ০৪ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল বা ভূগোল ও পরিবেশ বিজ্ঞান বিষয়ে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি |
| ০২ | পরিসংখ্যান সহকারী<br>গ্রেড-১৩ (টাঃ ১১০০০-২৬৫৯০/-) | ৮৫ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিতসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি |
| ০৩ | ইনুমারেটর<br>গ্রেড-১৩ (টাঃ ১১০০০-২৬৫৯০/-) | ০৪ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিতসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি |
| ০৪ | জুনিয়র পরিসংখ্যান সহকারী<br>গ্রেড-১৩ (টাঃ ১১০০০-২৬৫৯০/-) | ২২৬ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিতসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি |
| ০৫ | এডিটিং অ্যান্ড কোডিং অ্যাসিসটেন্ট<br>গ্রেড-১৩ (টাঃ ১১০০০-২৬৫৯০/-) | ১১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে পরিসংখ্যান বা অর্থনীতি বা গণিতসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি |
| ০৬ | কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৩ (টাঃ ১১০০০-২৬৫৯০/-) | ১০ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বিজ্ঞান বিভাগে স্নাতক (সম্মান) বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test এ উত্তীর্ণ হইতে হইবে |
| ০৭ | নক্সাবিদ<br>গ্রেড-১৩ (টাঃ ১১০০০-২৬৫৯০/-) | ০৩ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ভূগোল বা ভূগোল ও পরিবেশ বিজ্ঞানসহ অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ স্নাতক বা সমমানের ডিগ্রি |
| ০৮ | হিসাবরক্ষক<br>গ্রেড-১৪ (টাঃ ১০২০০-২৪৬৮০/-) | ০১ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্সে উত্তীর্ণ |
| ০৯ | উচ্চমান সহকারী<br>গ্রেড-১৪ (টাঃ ১০২০০-২৪৬৮০/-) | ০৮ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্সে উত্তীর্ণ |
| ১০ | ক্যাশিয়ার<br>গ্রেড-১৪ (টাঃ ১০২০০-২৪৬৮০/-) | ০২ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্য বিভাগে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএসহ অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্সে উত্তীর্ণ |
| ১১ | সাঁট-মুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর<br>গ্রেড-১৪ (টাঃ ১০২০০-২৪৬৮০/-) | ০৯ | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কোন স্বীকৃত প্রতিষ্ঠান হতে সাঁটলিপি এবং কম্পিউটার মুদ্রাক্ষর কোর্সে উত্তীর্ণ<br>(গ) সাঁটলিপিতে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ৪৫ শব্দ এবং ইংরেজীতে ৭০ শব্দ এবং<br>(ঘ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২৫ শব্দ এবং ইংরেজিতে ৩০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট Test এ উত্তীর্ণ হইতে হইবে |
| ১২ | জুনিয়র নক্সাবিদ<br>গ্রেড-১৪ (টাঃ ১০২০০-২৪৬৮০/-) | ০৯ | কোনো স্বীকৃত কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান হইতে ড্রাফটসম্যানশিপে ডিপ্লোমা কোর্সে উত্তীর্ণ |
| ১৩ | কম্পোজিটর<br>গ্রেড-১৪ (টাঃ ১০২০০-২৪৬৮০/-) | ০৪ | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে বেসিক কম্পিউটার কোর্সে উত্তীর্ণ |
| ১৪ | স্টোর কিপার<br>গ্রেড-১৪ (টাঃ ১০২০০-২৪৬৮০/-) | ০১ | কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে অন্যূন স্নাতক বা সমমানের ডিগ্রি |
| ১৫ | ডাটা এন্ট্রি/কন্ট্রোল অপারেটর<br>গ্রেড-১৬ (টাঃ ৯৩০০-২২৪৯০/-) | ৪২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট বিষয়ে Standard Aptitude Test-এ উত্তীর্ণ হইতে হইবে |

| ক্র. নং. | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১৬ | ডুয়েল ডাটা অপারেটর<br>গ্রেড-১৬ (টাঃ ৯৩০০-২২৪৯০/-) | ১২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কম্পিউটার Standard Aptitude Test এ উত্তীর্ণ এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট Test এ উত্তীর্ণ হইতে হইবে |
| ১৭ | কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (টাঃ ৯৩০০-২২৪৯০/-) | ১০ | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট Test এ উত্তীর্ণ হইতে হইবে |
| ১৮ | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক<br>গ্রেড-১৬ (টাঃ ৯৩০০-২২৪৯০/-) | ২৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ<br>(খ) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে কম্পিউটার মুদ্রাক্ষর কোর্স সম্পন্ন এবং<br>(গ) কম্পিউটার মুদ্রাক্ষরে প্রতি মিনিটে সর্বনিম্ন বাংলায় ২০ শব্দ এবং ইংরেজিতে ২০ শব্দের গতিসহ সংশ্লিষ্ট Test এ উত্তীর্ণ হইতে হইবে |
| ১৯ | বুক বাইন্ডার<br>গ্রেড-১৬ (টাঃ ৯৩০০-২২৪৯০/-) | ০৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) পাবলিকেশন এবং স্টেশনারি বাঁধাই কাজে অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতা |
| ২০ | গাড়িচালক<br>গ্রেড-১৬ (টাঃ ৯৩০০-২২৪৯০/-) | ০৫ | (ক) কোনো স্বীকৃত শিক্ষা প্রতিষ্ঠান হইতে অন্যূন জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) হালকা বা ভারী যানবাহন চালনার বৈধ লাইসেন্স থাকিতে হইবে |

আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ

(১) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত সর্বশেষ সংশোধনী অনুসরণ করা হবে।

(২) ০১-০৩-২০২৫ খ্রি. তারিখে আবেদনকারীর সর্বনিম্ন ও সর্বোচ্চ বয়স হবে ১৮ (আঠারো) হতে ৩২ (বত্রিশ) বছর এবং বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।

(৩) লিখিত (প্রয়োজনে বাছাই পরীক্ষাসহ), মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।

(৪) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।

(৫) এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।

(৬) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদ পূরণের ক্ষেত্রে ক্রমিক নং ০৬ এবং ক্রমিক নং ১৫ এ বর্ণিত পদের ক্ষেত্রে "সরকারি প্রতিষ্ঠানের কম্পিউটার পার্সোনেল নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুসরণ করা হবে এবং অন্যান্য ক্রমিকে বর্ণিত পদের ক্ষেত্রে "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুসরণ করা হবে।

(৭) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

(৮) অনলাইনে পূরণকৃত আবেদনে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।

(৯) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। এক্ষেত্রে সনদ হিসেবে নিম্নের যে কোন একটি গ্রহণযোগ্য বিবেচিত হবে:

(ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ; অথবা

(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১-০২-২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ;

(১০) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্ব প্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(১১) প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(১২) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোন ডিগ্রিকে উল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(১৩) বর্ণিত পদে নিয়োগে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুসারে লিখিত (প্রয়োজনে বাছাই পরীক্ষাসহ), ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।

(১৪) মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক) টি করে সত্যায়িত (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক) কপি দাখিল করতে হবে:

(ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র;

(খ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
(গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের কপি;
(ঘ) জাতীয় পরিচয়পত্রের কপি;
(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স-এর কপি;
(চ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
(ছ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের NOC/প্রত্যয়ন পত্র;
(জ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;

(১৫) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;

(১৬) আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইনে আবেদন ফরমে এবং পরবর্তীতে সেভাবে লিখতে হবে।

(১৭) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত এক বা একাধিক পদের নিয়োগ কার্যক্রম বাতিল, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(১৮) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলিঃ
পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bbs.teletalk.com.bd এই ওয়েবসাইট এ আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

i Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৬-০৩-২০২৫ খ্রি.; সকাল ১০:০০ টা।
ii Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৫-০৪-২০২৫ খ্রি.; বিকাল ০৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

ক. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৮০ pixel) ও সদ্যতোলা রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ X প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ 100KB ও স্বাক্ষরের সাইজ 60KB এর মধ্যে হতে হবে।

খ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।

গ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।

ঘ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা ) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে পরীক্ষার ফি বাবদ বিজ্ঞপ্তির ক্রমিক নং ০১ পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১৫০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ১৮/- টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১৬৮/-(একশত আটষট্টি) টাকা আবেদনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন] এবং বিজ্ঞপ্তির ক্রমিক নং ০২ থেকে ২০ এর প্রতি পদের জন্য পরীক্ষার ফি বাবদ ১০০/- টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ১২/-টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ১১২/-(একশত বারো) টাকা আবেদনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। তবে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীগণ পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/- টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/-(ছাপান্ন) টাকা আবেদনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।'

**প্রথম SMS:** BBS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে

Example: BBS ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, Tk 168/112/56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type
BBS<space>Yes<space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS:** BBS<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে

Example: BBS Yes XXXXXX
Reply: Congratulations, Applicant's Name, Payment Completed successfully for BBS Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxx)

ঙ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bbs.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়।

চ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার কেন্দ্রের স্থান ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।

ছ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।

i. User ID জানা থাকলে: BBS<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example:BBS Help User ABCDEF & send to 16222

ii PIN Number জানা থাকলে: BBS<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: BBS Help PIN 12345678 & send to 16222.

(১৯) **প্রার্থীর যোগ্যতা যাচাই:**

ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভুয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। যে কোনো তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।

খ. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।

(২০) পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।

(২১) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিবিএস এর ওয়েবসাইট www.bbs.gov.bd এবং http://bbs.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.bbs.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।

(২২) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে 121 অথবা যে-কোনো অপারেটর থেকে 01500-121121 নাম্বারে কল করা যাবে। এছাড়া alljobs.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। (ই-মেইল এর Subject এ Organization Name 'BBS', Post Name*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

**[বি:দ্র: অত্র বিজ্ঞাপনে বর্ণিত ২০ ক্যাটাগরির ৪৭২টি পদ ইতোপূর্বে বিজ্ঞাপিত ২১ ক্যাটাগরির ৭১৪ টি পদ এবং ০৭ ক্যাটাগরির ১৩৪টি পদের অতিরিক্ত]**

বিবিএস এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বিবিএস এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

এইচ, এম, ফিরোজ
পরিচালক (ভারপ্রাপ্ত)
☎ ০২-৫৫০০৭০৬৮
ই-মেইল: firozrsobbs@gmail.com

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ অ্যান্ড এমআইএস উইং
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bbs.gov.bd

স্মারক নম্বর ৫২.০১.০০০০.১০৪.১১.০০৫.২৫.৯২১

তারিখ: ২৭ ফাল্গুন, ১৪৩১ বঙ্গাব্দ
১২ মার্চ, ২০২৫ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর রাজস্ব খাতভুক্ত নিম্নবর্ণিত শূন্য পদসমূহের বিপরীতে সরাসরি নিয়োগের লক্ষ্যে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে Online-এ নির্ধারিত ফর্মে (http://bbs.teletalk.com.bd ওয়েবসাইটে) নিম্নলিখিত শর্তে নির্ধারিত সময়ের মধ্যে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে। online ব্যতীত অন্য কোন মাধ্যমে প্রেরিত আবেদন গ্রহণ করা হবে না।

| ক্রঃ নং | পদের নাম, গ্রেড ও বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদের সংখ্যা | প্রার্থীর শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|
| ১ | সহকারী স্টোর কিপার<br>গ্রেড-১৭ (টাঃ ৯০০০-২১৮০০/-) | ০২ | কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |
| ২ | মেশিনম্যান<br>গ্রেড-১৭ (টাঃ ৯০০০-২১৮০০/-) | ০৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রিন্টিং প্রেসে মেশিনম্যান সহকারী হিসাবে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা |
| ৩ | মেশিনম্যান কাম ক্লিনার<br>গ্রেড-১৭ (টাঃ ৯০০০-২১৮০০/-) | ০২ | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) কোনো স্বীকৃত প্রিন্টিং প্রেসে মেশিনম্যান সহকারী হিসাবে অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা |
| ৪ | প্যাকার<br>গ্রেড-১৭ (টাঃ ৯০০০-২১৮০০/-) | ০৩ | (ক) কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) প্যাকিং কাজে অন্যূন ২ (দুই) বৎসরের অভিজ্ঞতা |
| ৫ | চেইনম্যান<br>গ্রেড-২০ (টাঃ ৮২৫০-২০০১০/-) | ১৭৯ | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ এবং<br>(খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীগণকে অগ্রাধিকার দেওয়া হইবে |
| ৬ | অফিস সহায়ক<br>গ্রেড-২০ (টাঃ ৮২৫০-২০০১০/-) | ৭৭ | কোনো স্বীকৃত বোর্ড বা প্রতিষ্ঠান হইতে অন্যূন মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ |

আবেদন ফরম পূরণ ও পরীক্ষায় অংশগ্রহণের ক্ষেত্রে নিম্নবর্ণিত শর্তাবলী অবশ্যই অনুসরণ করতে হবেঃ
(১) নিয়োগের ক্ষেত্রে সরকারের প্রচলিত বিধি-বিধান, কোটা পদ্ধতি এবং এ সংক্রান্ত সর্বশেষ সংশোধনী অনুসরণ করা হবে।
(২) ০১-০৩-২০২৫ খ্রি. তারিখে আবেদনকারীর সর্বনিম্ন ও সর্বোচ্চ বয়স হবে ১৮ (আঠারো) হতে ৩২ (বত্রিশ) বছর এবং বয়স প্রমাণের ক্ষেত্রে কোনো এফিডেবিট গ্রহণযোগ্য হবে না।
(৩) লিখিত (প্রয়োজনে বাছাই পরীক্ষাসহ), মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় (প্রযোজ্য ক্ষেত্রে) অংশগ্রহণের জন্য কোনো প্রকার টিএ/ডিএ প্রদান করা হবে না।
(৪) আবেদনকারীকে তার সর্বশেষ অর্জিত শিক্ষাগত যোগ্যতার তথ্য আবশ্যিকভাবে উল্লেখ করতে হবে।
(৫) এক জেলার বাসিন্দা অন্য জেলার বাসিন্দা হিসেবে আবেদন করতে পারবেন না।
(৬) এই নিয়োগ বিজ্ঞপ্তিতে বর্ণিত শূন্য পদ পূরণের ক্ষেত্রে "বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্মচারী নিয়োগ বিধিমালা, ২০১৯" অনুসরণ করা হবে।
(৭) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে আবেদন করতে হবে। সকল চাকুরিরত প্রার্থীকে মৌখিক পরীক্ষার সময় নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত অনাপত্তি পত্রের মূল কপি জমা দিতে হবে। এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণ করা হবে না।
(৮) অনলাইনে পূরণকৃত আবেদনে মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তান/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটায় প্রার্থীতা দাবি না করলে পরবর্তীতে নতুন করে কোনো কোটার প্রার্থীতা দাবি গ্রহণযোগ্য হবে না।
(৯) মুক্তিযোদ্ধা/শহিদ মুক্তিযোদ্ধা/বীরাঙ্গনার পুত্র-কন্যা হিসেবে আবেদনকারী প্রার্থীকে পিতার/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদের সত্যায়িত কপি জমা দিতে হবে। এক্ষেত্রে সনদ হিসেবে নিম্নের যে কোন একটি গ্রহণযোগ্য বিবেচিত হবে:
(ক) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬.০২.২০০২ তারিখের মুঃবিঃমঃ/সনদ-১/প্র-১/২০০২/০২ নং প্রজ্ঞাপন অনুযায়ী মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা/মুক্তিযোদ্ধা (বীরাঙ্গনা) সনদ; অথবা
(খ) মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ০১-০২-২০০৯ তারিখের মুবিম/সনদ-১/প্র-৩/৩১/০২/১৪০ নং প্রজ্ঞাপন অনুযায়ী ১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত সরকার প্রধান কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং মুক্তিযোদ্ধা সংসদ কর্তৃক ইস্যুকৃত পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদ;
(১০) প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তরের অধীন জেলা সমাজসেবা অফিসের উপপরিচালক/সমপদমর্যাদা সম্পন্ন/দায়িত্ব প্রাপ্ত সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত প্রতিবন্ধী সনদ এবং তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সংশ্লিষ্ট সিভিল সার্জন কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
(১১) প্রার্থী ক্ষুদ্র নৃ-গোষ্ঠী সম্প্রদায়ভুক্ত হলে প্রমাণক হিসেবে সংশ্লিষ্ট জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
(১২) কোনো প্রার্থী বিদেশ হতে তার অর্জিত কোন ডিগ্রিকে উল্লিখিত পদসমূহের পার্শ্বে বর্ণিত কোনো শিক্ষাগত যোগ্যতার সমমানের বলে দাবি করলে তাকে সে মর্মে সংশ্লিষ্ট ইকুইভ্যালেন্স কমিটি কর্তৃক প্রদত্ত ইকুইভ্যালেন্স সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।
(১৩) বর্ণিত পদে নিয়োগে প্রার্থী নির্বাচনের ক্ষেত্রে সংশ্লিষ্ট নিয়োগ বিধিমালা অনুসারে লিখিত (প্রয়োজনে বাছাই পরীক্ষাসহ), ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) পরীক্ষায় অংশগ্রহণের জন্য বিবেচিত হবেন এবং ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ মৌখিক পরীক্ষার জন্য বিবেচিত হবেন।
(১৪) মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রের মূলকপি প্রদর্শনপূর্বক প্রতিটির ০১(এক) টি করে সত্যায়িত (১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক) কপি দাখিল করতে হবে:
(ক) অনলাইনে পূরণকৃত আবেদনপত্র;
(খ) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
(গ) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের কপি;
(ঘ) জাতীয় পরিচয়পত্রের কপি;
(ঙ) প্রযোজ্য ক্ষেত্রে ড্রাইভিং লাইসেন্স-এর কপি;
(চ) সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কাউন্সিলর কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ;
(ছ) সরকারি, আধা-সরকারি ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে কর্মরতদের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের NOC/প্রত্যয়ন পত্র;
(জ) মুক্তিযোদ্ধা, শহিদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের ক্ষেত্রে প্রমাণক হিসেবে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/শারীরিক প্রতিবন্ধী/তৃতীয় লিঙ্গের প্রার্থীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ জারিকৃত পরিপত্র অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ;
(১৫) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ ও বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে;
(১৬) আবেদনকারীর নাম, পিতার নাম, মাতার নাম, জন্ম তারিখ ও নিজ জেলাসহ অন্যান্য সকল তথ্য সংশ্লিষ্ট সনদে যেভাবে লেখা রয়েছে অনলাইনে আবেদন ফরমে এবং পরবর্তীতে সেভাবে লিখতে হবে।
(১৭) কর্তৃপক্ষ পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি/বাতিল করার অধিকার সংরক্ষণ করেন। কর্তৃপক্ষ কোনো কারণ দর্শানো ব্যতিরেকে এই নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, বিজ্ঞপ্তিতে পদের সংখ্যা হ্রাস/বৃদ্ধি, বিজ্ঞপ্তিতে বর্ণিত এক বা একাধিক পদের নিয়োগ কার্যক্রম বাতিল, বিজ্ঞপ্তিতে বর্ণিত কোনো শর্ত বা অনুচ্ছেদ সংশোধন/পরিবর্তন/পরিমার্জন, সময় পরিবর্তন ও বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগ সংক্রান্ত যে কোনো বিষয়ে নিয়োগকারী কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
(১৮) অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত শর্তাবলিঃ
পরীক্ষায় অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তি http://bbs.teletalk.com.bd এই ওয়েবসাইট এ আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ:

স্বাধীনতার কথা বলে

i Online-এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময়: ১৬-০৩-২০২৫ খ্রি.; সকাল ১০:০০ টা।
ii Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়: ০৫-০৪-২০২৫ খ্রি.; বিকাল ০৫.০০ টা।

উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘণ্টার মধ্যে এসএমএস এর মাধ্যমে পরীক্ষার ফি জমা দিতে পারবেন।

ক. Online-এ আবেদনপত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও সদ্যতোলা রঙ্গিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ 100KB ও স্বাক্ষরের সাইজ 60KB এর মধ্যে হতে হবে।
খ. Online-এ আবেদনপত্রে পূরণকৃত তথ্যই যেহেতু পরবর্তী সকল কার্যক্রমে ব্যবহৃত হবে, সেহেতু Online-এ আবেদনপত্র Submit করার পূর্বেই পূরণকৃত সকল তথ্যের সঠিকতা সম্পর্কে প্রার্থী নিজে শতভাগ নিশ্চিত হবেন।
গ. প্রার্থী Online-এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোনো প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন এবং মৌখিক পরীক্ষার সময় এক কপি জমা দিবেন।
ঘ. SMS প্রেরণের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদান: Online-এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং স্বাক্ষর upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। যদি Applicant's copy তে কোনো তথ্য ভুল থাকে বা অস্পষ্ট ছবি (সম্পূর্ণ কালো/ সম্পূর্ণ সাদা/ঘোলা ) বা ছবি/স্বাক্ষর সঠিক না থাকে তাহলে পুনরায় আবেদন করতে পারবেন। তবে আবেদন ফি জমাদানের পরে আর কোনো পরিবর্তন/পরিমার্জন/ পরিবর্ধন গ্রহণযোগ্য নয় বিধায় আবেদন ফি জমাদানের পূর্বে প্রার্থী অবশ্যই উক্ত Applicant's copy তে তার সাম্প্রতিক তোলা রঙিন ছবি, নির্ভুল তথ্য ও স্বাক্ষর সংযুক্ত থাকা ও এর সঠিকতার বিষয়টি PDF copy ডাউনলোডপূর্বক নিশ্চিত করে প্রিন্ট করে সংরক্ষণ করবেন। Applicant's কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোনো Teletalk pre-paid mobile নম্বরের মাধ্যমে ০২ (দুই)টি SMS করে সকল গ্রেডের অনগ্রসর (ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গ) প্রার্থীসহ সকল আবেদনকারীর জন্য পরীক্ষার ফি বাবদ ৫০/-(পঞ্চাশ) টাকা ও টেলিটক এর সার্ভিস চার্জ (ভ্যাটসহ) ৬/-টাকাসহ অফেরতযোগ্য সর্বমোট ৫৬/-(ছাপান্ন) টাকা আবেদনের অনধিক ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে জমা দিবেন। এখানে বিশেষভাবে উল্লেখ্য যে, 'Online-এ আবেদনপত্রের সকল অংশ পূরণ করে Submit করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Online আবেদনপত্র কোনো অবস্থাতেই গৃহীত হবে না।'

**প্রথম SMS:** BBS<space>User ID লিখে Send করতে হবে 16222 নম্বরে

Example: BBS ABCDEF & send to 16222
Reply: Applicant's Name, Tk 56 will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BBS<space>Yes<space>PIN and send to 16222

**দ্বিতীয় SMS:** BBS<space>Yes<space>PIN লিখে Send করতে হবে 16222 নম্বরে

Example: BBS Yes XXXXXX

Reply: Congratulations, Applicant's Name, Payment Completed successfully for BBS Application for (post name) User ID is (ABCDEF) and password (xxxxxx)

ঙ. প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bbs.teletalk.com.bd ওয়েবসাইটে এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS-এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধায় উক্ত নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, SMS পড়া এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্চনীয়।
চ. SMS-এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও পরীক্ষার কেন্দ্রের স্থান ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক রঙ্গিন Print করে নিবেন। প্রার্থী এই প্রবেশপত্রটি লিখিত পরীক্ষায় অংশগ্রহণের সময়ে এবং উত্তীর্ণ হলে মৌখিক পরীক্ষার সময়ে অবশ্যই প্রদর্শন করবেন।
ছ. শুধুমাত্র টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন।
i. User ID জানা থাকলে: BBS<space>Help<space>User<space>User ID & Send to 16222.
Example:BBS Help User ABCDEF & send to 16222
ii PIN Number জানা থাকলে: BBS<space>Help<space>PIN<space>PIN No & send to 16222
Example: BBS Help PIN 12345678 & send to 16222.

(১৯) **প্রার্থীর যোগ্যতা যাচাই:**
ক. প্রার্থী কর্তৃক প্রদত্ত কোনো তথ্য বা দাখিলকৃত কাগজপত্র জাল, মিথ্যা বা ভূয়া প্রমাণিত হলে কিংবা পরীক্ষায় নকল বা অসদুপায় অবলম্বন করলে প্রার্থীতা বাতিল করা হবে এবং তাঁর বিরুদ্ধে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। যে কোনো তদবির প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। মৌখিক পরীক্ষার সময় সকল প্রকার সনদের মূল কপি প্রদর্শন করতে হবে।
খ. যদি কোনো প্রার্থী বাংলাদেশের নাগরিক না হন কিংবা বাংলাদেশের নাগরিক নন এমন কোনো ব্যক্তিকে বিয়ে করেন বা করার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন কিংবা কোনো ফৌজদারি আদালত কর্তৃক নৈতিক স্খলনজনিত অভিযোগে দন্ডিত হন কিংবা কোনো সরকারি বা স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠান বা স্থানীয় কর্তৃপক্ষ কর্তৃক চাকুরি হতে বরখাস্ত হয়ে থাকেন এবং উক্তরূপ বরখাস্তের পর দুই বছর অতিক্রান্ত না হলে তিনি আবেদন করার জন্য যোগ্য বিবেচিত হবেন না।
(২০) পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্র পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে।
(২১) বিজ্ঞপ্তিটি পত্রিকা ছাড়াও বিবিএস এর ওয়েবসাইট www.bbs.gov.bd এবং http://bbs.teletalk.com.bd অথবা QR Code স্ক্যান এর মাধ্যমে বাংলাদেশের একমাত্র রাষ্ট্রীয় মোবাইল অপারেটর টেলিটকের জবপোর্টাল https://alljobs.teletalk.com.bd ওয়েবসাইটে সরাসরি প্রবেশ করেও বিজ্ঞপ্তিটি পাওয়া যাবে। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য www.bbs.gov.bd ওয়েবসাইট হতে জানা যাবে।
(২২) Online-এ আবেদন করতে কোনো সমস্যা হলে টেলিটক নাম্বার থেকে 121 অথবা যে-কোনো অপারেটর থেকে 01500-121121 নাম্বারে কল করা যাবে। এছাড়া alljobs.query@teletalk.com.bd ই-মেইল এ যোগাযোগ করা যাবে। (ই-মেইল এর Subject এ Organization Name 'BBS', Post Name*****, Applicant's User ID ও Contact Number অবশ্যই উল্লেখ করতে হবে)।

**[বি:দ্র: অত্র বিজ্ঞাপনে বর্ণিত ২০ ক্যাটাগরির ৪৭২টি পদ ইতোপূর্বে বিজ্ঞাপিত ২১ ক্যাটাগরির ৭১৪ টি পদ এবং ০৭ ক্যাটাগরির ১৩৪টি পদের অতিরিক্ত]**

বিবিএস এর ওয়েবসাইটে প্রবেশ এর QR Code

বিবিএস এর টেলিটক পোর্টালে প্রবেশ এর QR Code

এইচ, এম, ফিরোজ
পরিচালক (ভারপ্রাপ্ত)
☎ ০২-৫৫০০৭০৬৮
ই-মেইল: firozrsobbs@gmail.com

ডিজি-৩৩৭/২৫ (২০"x৪)